

মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডার সি আর দত্ত এবং আবু ওসমান চৌধুরীর মৃত্যুতে

বাসদের শোক

বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেদুজ্জামান ২৫ আগস্ট এবং ৫ সেপ্টেম্বর '২০ সংবাদপত্রে দেয়া পৃথক বিবৃতিতে মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডার চিত্ত রঞ্জন দত্ত (সিআরদত্ত) ও আবু ওসমান চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোক সন্তপ্ত পরিবার দ্বয়ের প্রতি সমবেদনা জানিয়েছেন।



উল্লেখ্য, মহান মুক্তিযুদ্ধে সি আর দত্ত ৪ নং সেক্টরের কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। আমেরিকার ফ্লোরিডায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুরপূর্বে তার সেই বেদনাভরা উক্তি, 'সাম্প্রদায়িক রাষ্ট্র গড়ার জন্য আমরা মুক্তিযুদ্ধ করি নাই' আমাদেরকেও বেদনাহত করে।

মহান মুক্তিযুদ্ধের সময় আবু ওসমান চৌধুরী ৮ নং সেক্টরের কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। ৫ সেপ্টেম্বর সকালে ঢাকার সম্মিলিত সামরিক



হাসপাতালে (সিএমএইচে) চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

আবু ওসমান চৌধুরীকে অসুস্থতার কারণে সিএমএইচে ভর্তি করা হয়। এরপর পরীক্ষায় তাঁর করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়। তিনি বার্ষিক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। পরে সিএমএইচে চিকিৎসাধীন অবস্থায় তাঁর করোনাভাইরাস নেগেটিভ আসে। তবে অন্য জটিলতার কারণে তিনি চিকিৎসা নিচ্ছিলেন।

দুই সেক্টর কমান্ডারের মৃত্যুতে জাতি দেশপ্রেমিক গণতন্ত্রমনা কৃতি সন্তানকে হারালো।